অবিলম্বে প্রকাশের জন্য: 10/16/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 54.9 মিলিয়ন মার্কিন ডলারের ALBANY CAPITAL CENTER এক্সপ্যানশনের কাজ শুরু হওয়ার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের দেওয়া 10 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল রিজিয়নের প্রধান ইভেন্ট ও মিটিংয়ের স্থান হিসেবে সেন্টারকে জোরদার করে

প্রজেক্টটি অ্যালবানির ডাউনটাউন কেন্দ্রের পুনরুজ্জীবনের জন্য গভর্নর হোকলের 400 মিলিয়ন মার্কিন ডলারের Championing Albany's Potential উদ্যোগকে সমর্থন করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Albany Capital Center (ACC) এক্সপ্যানশন প্রজেক্টের কাজ শুরু হওয়া উদযাপন করলেন, এটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং ক্যাপিটাল রিজিয়ন ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Capital Region Economic Development Council, CREDC) মাধ্যমে স্টেটের দেওয়া 10 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে সমর্থিত হওয়া একটি প্রধান মাইলফলক। এক্সপ্যানশনটি হলো ACC-কে ক্যাপিটাল রিজিয়নের (Capital Region) প্রধান ইভেন্ট ও মিটিংয়ের গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করার পরবর্তী পর্যায়ের শুরু এবং এটি গভর্নর Hochul-এর (হোকল) Championing Albany's Potential (CAP) উদ্যোগকে সমর্থন করে, যা হলো ডাউনটাউন অ্যালবানিকে (Albany) পুনর্জীবিত করতে একটি সার্বিক 400 মিলিয়ন মার্কিন ডলারের চেষ্টা।

"আজকে আমরা অ্যালবানির রূপান্তরের সর্বশেষ অধ্যায়ের কাজ শুরু করলাম," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Albany Capital Center ইতিমধ্যেই ক্যাপিটাল রিজিয়নের পর্যটন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি নোঙ্গর হিসেবে প্রমাণিত হয়েছে। এই এক্সপ্যানশনটির ফলে আরো বেশি বাসিন্দা, ব্যবসা এবং ভিজিটররা কনভেনশন এবং এক্সপো থেকে শুরু করে সাংস্কৃতিক ইভেন্ট পর্যন্ত অ্যালবানিকে প্রাণবন্ত করে রাখা সবকিছুর অভিজ্ঞতা নিতে পারবেন, যা স্থানীয় অর্থনীতিকে জোরদার করবে এবং কমিউনিটিকে গর্বিত করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "Albany Capital Center এক্সপ্যানশনের কাজ শুরু করা আরো দৃঢ়, আরো সংযুক্ত ক্যাপিটাল সিটির জন্য গভর্নর Hochul-এর (হোকল) ভিশনকে তুলে ধরে। "বিশ্বমানের কনফারেন্স এবং ইভেন্টকে আকৃষ্ট করে এমন আধুনিক, ফ্লেক্সিবল স্থানে বিনিয়োগ করার মাধ্যমে আমরা চাকরি তৈরি করছি, অর্থনৈতিক কর্মকাণ্ডকে সচল করছি, এবং

Championing Albany’s Potential উদ্যোগকে অগ্রসর করছি যাতে আগামী জেনারেশনগুলির জন্য নিউ ইয়র্কের ক্যাপিটালের সমৃদ্ধি নিশ্চিত করা যায়।

CREDC-এর কো-চেয়ার Ruth H. Mahoney (রুথ এইচ ম্যহনি) এবং Havidán Rodríguez (হাভিদান রড্রিগেজ) বলেন, "Albany Capital Center-এর এক্সপ্যানশনটি স্থানীয় অর্থনৈতিক বিকাশের প্রচারে আমাদের আঞ্চলিক ব্লুপ্রিন্টের সাথে মিলে যায়। ডাউনটাউন অ্যালবানির সবথেকে বড় সম্পদগুলির একটিকে বড় করছে এমন প্রজেক্টগুলি নতুন বিনিয়োগ উৎসাহিত করতে এবং সিটির আর্বান কেন্দ্রের সম্ভাবনাকে সবথেকে বেশি কাজে লাগাতে সাহায্য করবে। পুরো রিজিওনাল কাউন্সিলের পক্ষে নতুন এই ডেভেলপমেন্টকে সমর্থন করতে পেরে আমরা আনন্দিত।"

Albany Convention Center Authority-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এবং CEO Monica Kurzejeski (মনিকা কুরজেজেস্কি) বলেন, "Albany Capital Center-এ এক দশকের কম সময়ে আমরা ইতিমধ্যে যা অর্জন করেছি তার জন্য আমরা অনেক গর্বিত, এবং আগামী দশক এবং তার পরেও এই এক্সপ্যানশনটি আমাদের জন্য কী করবে তা নিয়ে আমরা অনেক বেশি আনন্দিত। গভর্নর Hochul-এর (হোকল) অবিচল নেতৃত্ব এবং আমাদের স্থানীয় সরকারের পার্টনারদের সহযোগিতার চেতনা নিয়ে আমরা একসাথে এমন একটি প্রাণবন্ত স্থান তৈরি করছি যা আমাদের কমিউনিটিকে উন্নত করবে, ভিজিটরদের স্বাগত জানবে এবং আমাদের অর্থনীতির বিকাশ করবে।"

অ্যালবানি কাউন্টির এক্সিকিউটিভ Daniel P. McCoy (ড্যানিয়েল পি ম্যাকোয়) বলেন, "আমরা Albany Capital Center-এর এক্সপ্যানশনের কাজ শুরু করছি, এতে শুধু ACC-র বর্গফুট বাড়বে না; এর ফলে সমৃদ্ধ ইতিহাসকে আধুনিক আবিষ্কারের সাথে সংযুক্ত করা হবে। State Street-এর ঐতিহাসিক সম্পত্তি এবং Eagle Street-এ আমাদের অত্যাধুনিক ফ্যাসিলিটির মধ্যে একটি প্রাণবন্ত সিনার্জি তৈরির মাধ্যমে প্রজেক্টটি অ্যালবানি কাউন্টির জন্য অর্থনৈতিক বা বিকাশ, পর্যটন এবং আরো উজ্জ্বল ভবিষ্যতের দারুন সুযোগ দিবে। গভর্নর হোকলকে এই 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য ধন্যবাদ।"

অ্যালবানি কাউন্টি আইনসভার (Legislature) চেয়ার Joanne Cunningham (জোয়ান কানিংহ্যাম) বলেন, "অ্যালবানি কাউন্টিতে বাস করা, কাজ করা এবং বেড়াতে আসা সকলেই আজকে বিজয়ী হয়েছেন। ক্যাপিটাল সিটির উপর আস্থা রাখার জন্য এবং বিনিয়োগ করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেট, অ্যালবানি কাউন্টি, এবং Albany Convention Center Authority-এর মধ্যে এই পার্টনারশিপে একটি মুখ্য অংশ যোগ করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং তার দলকে আন্তরিক ধন্যবাদ। কাউন্টি এবং Convention Center Authority-এর মধ্যে একটি অসাধারণ কাজের সম্পর্কের কারণে সম্ভব হওয়া এই এক্সপ্যানশন থেকে অর্থনৈতিক কর্মকাণ্ডের যে শকওয়েভ তৈরি হবে তা ডাউনটাউন অ্যালবানিতে এবং পুরো অ্যালবানি কাউন্টিতে বহু মিলিয়ন মার্কিন ডলার নিয়ে আসবে। কাজটি সম্ভব করা, স্থানীয় লেজিস্লেশন ঠিক করা, আমাদের স্টেটের সহকর্মীদের সাথে পার্টনারশিপ করা, এবং আমাদের আজকে উদযাপন করা এই এক্সপ্যানশনের পথ পরিষ্কার করেছে যে দুর্দান্ত দল তার একটি অংশ হতে পেরে আমরা অনেক খুশি।"

অ্যাসেম্বলির সদস্য John T. McDonald III (জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড), RPh, বলেন, "Albany Capital Center-এর এক্সপ্যানশন হলো ক্যাপিটাল রিজিয়নের অর্থনীতি এবং ডাউনটাউন অ্যালবানির ধারাবাহিক পুনরুজ্জীবনের জন্য একটি বড় বিজয়। এই বিনিয়োগটি আরো ভিজিটরদের আকৃষ্ট করতে এবং স্থানীয় ব্যবসার জন্য নতুন সুযোগ তৈরি করতে সাহায্য করবে। ক্যাপিটাল রিজিয়নের বিকাশকে অগ্রসর করতে গভর্নর Hochul (হোকল), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং অ্যালবানি কাউন্টির ধারাবাহিক পার্টনারশিপের জন্য আমি তাদের ধন্যবাদ করছি।"

অ্যাসেম্বলির সদস্য Gabriella A. Romero (গ্যাব্রিয়েলা এ রোমেরো) বলেন, "Albany Capital Center এক্সপ্যানশনের কাজ শুরু করা হলো অ্যালবানি এবং গ্রেটার ক্যাপিটাল রিজিয়নের জন্য একটি সুন্দর অগ্রগামী পদক্ষেপ। 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ পেয়ে এই প্রজেক্টটি শুধু আরো বড় ইভেন্ট আয়োজন করার ক্ষেত্রে আমাদের সক্ষমতাকে বাড়াবে না, বরং এছাড়াও অ্যালবানির অর্থনীতি এবং ব্যবসা ও পর্যটনের একটি প্রধান গন্তব্য হিসেবে এর অবস্থানকে জোরদার করবে। এটি আমাদের Championing Albany's Potential উদ্যোগের জন্য একটি নিখুঁত সহায়ক, যা অ্যালবানির ডাউনটাউনকে পুনর্জীবিত করছে এবং স্থানীয় ব্যবসা ও বাসিন্দাদের জন্য স্থায়ী সুযোগ তৈরি করছে। অ্যালবানিকে বিকাশ ও সমৃদ্ধি করতে দেখতে থাকার ব্যাপারে আমি আগ্রহী, এবং যে সিটিকে আমরা দুজনেই নিজেদের বাড়ি বলি সেখানে গভর্নরের ধারাবাহিক বিনিয়োগের জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যালবানির মেয়র Kathy Sheehan (ক্যাথি শিহান) বলেন, "Albany Capital Center এক্সপ্যানশন হলো আমাদের সিটিকে আরো বড় সাংস্কৃতিক ইভেন্ট, কনফারেন্স, ট্রেড শো, ইত্যাদির জন্য একটি প্রধান গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করার একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। গুরুত্বপূর্ণ এই প্রজেক্টটি অর্থনৈতিক বিকাশে সাহায্য করবে এবং আমাদের সিটির প্রাণবন্ত সংস্কৃতি ও আরো যা যা আছে তা তুলে ধরার দারুন সুযোগ দিবে, এবং আজকে আমরা কাজ শুরু করছি তার জন্য আমি অনেক খুশি। এই এক্সপ্যানশনকে সম্ভব করতে গুরুত্বপূর্ণ তহবিল দেওয়ার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ, এবং Albany Capital Center-এর এই গুরুত্বপূর্ণ উন্নতিতে নেতৃত্ব দেওয়ার ভিশন রাখার জন্য Albany Convention Center Authority-এর নেতৃত্বকে ধন্যবাদ। ডাউনটাউন অ্যালবানিতে গভর্নর Hochul-এর (হোকল) 400 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের সাথে মিলিত হয়ে এই প্রজেক্টটি কীভাবে আরো বেশী বিনিয়োগ আনার ব্যাপারে ক্যাটালিস্ট হয়ে সাহায্য করে এবং আমাদের সবথেকে নতুন এলাকা এবং আমাদের পুরো সিটিকে আরো দৃঢ় করে তা দেখতে আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

126 State Street-এ অবস্থিত 54.9 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টটি বড় হতে থাকা ইন্ডাস্ট্রির চাহিদা পূরণ করার জন্য মিটিং এবং ইভেন্টের স্থানকে বড় করবে। প্রজেক্টটি পাঁচটি নতুন মিটিংয়ের ঘর, একটি একাধিক উদ্দেশ্যে ব্যবহারের ঘর, একটি নতুন বলরুম এবং ফার্স্ট ফ্লোরে একটি প্রি-ফাংশন এরিয়া, এবং ঘরের বাইরের ইভেন্টের জন্য একটি 3,000 বর্গফুটের কোর্টইয়ার্ড যোগ করবে। কাজ শেষ হলে ACC-এর ভাড়া দেওয়ার মতো স্থান বেড়ে 84,000 বর্গফুট হবে, এটি আরো বড় এবং আরো ডাইনামিক ইভেন্ট আয়োজন করার অবস্থানে যাবে এবং ডাউনটাউন অ্যালবানির জন্য একটি মুখ্য অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবে কাজ করবে।

2017 সালে খোলার পর থেকে ACC, 1,200টিরও বেশি ইভেন্টের আয়োজন করেছে, 660,000-এর বেশি ভিজিটরকে স্বাগত জানিয়েছে, নতুন ভিজিটরদের খরচ হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নিয়ে এসেছে এবং ক্যাপিটাল রিজিয়নে 138,000টির বেশি হোটেল রুম নাইট যুক্ত করেছে।

Championing Albany's Potential
গভর্নর Hochul (হোকল)-এর ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর বাজেট Championing Albany's Potential উদ্যোগটি প্রতিষ্ঠা করে, এটি স্থানীয় কমিউনিটির সাথে পার্টনারশিপ করে অ্যালবানির ডাউনটাউনের কেন্দ্রকে পুনর্জীবিত করতে 400 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যের, একটি সহযোগিতামূলক, স্টেটের নেতৃত্বের চেষ্টা। এর মধ্যে আছে বাণিজ্যিক করিডোরকে পুনর্জীবিত করবে, ছোট ব্যবসাকে জোরদার করবে, হাউজিংয়ের বিকাশকে বাড়াবে, এবং কম ব্যবহার হতে থাকা রিয়েল এস্টেট এবং খোলা স্থানকে পুনর্জীবিত করবে এমন প্রজেক্টের পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল। CAP উদ্যোগে এছাড়াও অ্যালবানির ডাউনটাউনে এবং আশেপাশের State Museum-এর মতো সাংস্কৃতিক অভিজ্ঞতাকে বদলে দেওয়ার জন্য 150 মিলিয়ন মার্কিন ডলার, Interstate 787 দিয়ে ভাগ হয়ে যাওয়া কমিউনিটিগুলিকে আবার যুক্ত করার পরিকল্পনা অগ্রসর করতে 40 মিলিয়ন মার্কিন ডলার এবং জননিরাপত্তা বাড়াতে 1.5 মিলিয়ন মার্কিন ডলার থাকবে। গভর্নর Hochul (হোকল) এই গ্রীষ্মকালে CAP উদ্যোগের প্রথম ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজির (Downtown Albany Strategy) পাবলিক ওয়ার্কশপ শুরু করেন, যা Albany Capital Center-এ অনুষ্ঠিত হয়েছে। ওয়ার্কশপটিতে 700-এর বেশি অংশগ্রহণকারী এসেছে, যার মধ্যে অ্যালবানির বাসিন্দা এবং ব্যবসা, একাডেমিক এবং সরকারের পার্টনাররা ছিলেন।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন